

lecture: 04

Classification of Nouns with examples

Parts of Speech টিউটরিয়ালে আমরা দেখেছি যে noun হল

কোন কিছুর নাম। কতকগুলো উদাহরণও লক্ষ্য করেছি। আশা

করেছি ঐ অধ্যায় থেকে Noun এর প্রাথমিক ধারণা নিয়েই

এখানেই এসেছেন। এখানে আমরা **Classification of**

Nouns অর্থাৎ Noun এর ব্যাপক শ্রেণীবিভাগ নিয়ে আলোচনা

করব। Noun এর প্রত্যেকটি প্রকারভেদের ইন ডিটেইলস কথা

বলব। তবে তার আগে কেন এই শ্রেণী বিভাগ তা একটু বিবেচনা

করে দেখা যাক।

Why a Classification ? (কেন শ্রেণী বিভাগ প্রয়োজন)

নিচের বাক্যগুলো পড় :

(1) Rahim reads a book. (রহিম একটি বই পড়ে)

(2) I want some paper. (আমি কিছু কাগজ চাই।)

(3) A team of players has come today. (আজ একদল খেলোয়াড় এসেছে।)

উপরের বাক্যগুলোতে noun এর বিভিন্ন ব্যবহার লক্ষ্যণীয়। (1)

নং বাক্যে Rahim নামটির প্রথম অক্ষর একটি Capital letter, (২)

নং বাক্যে paper এর প্রথম অক্ষর small letter, (3) নং বাক্যে

অনেকজন খেলোয়াড় থাকা সত্ত্বেও singular verb 'has' ব্যবহৃত

হয়েছে, have ব্যবহৃত হয়নি; কেন এই বিভিন্নতা? তাহলে নিশ্চয়ই

একেক ধরনের noun এর ক্ষেত্রবিশেষে ব্যবহার (treatment)

একেক প্রকার । আর এজন্য noun এর classification জানা

অত্যন্ত জরুরী। এছাড়াও রয়েছে noun এর gender (লিঙ্গ), number (বচন), case (কারক)। এসব জিনিস বিশেষভাবে জানতে হলে noun এর classification সম্বন্ধে ভাল ধারণা রাখতে হবে।

Classification of Nouns (বিশেষ্য পদের শ্রেণী বিভাগ)

আমরা এখানে দু'টি ভিন্ন দৃষ্টিকোণ থেকে noun এর classification দেখব।

(A) Noun যেসব জিনিসের নাম প্রকাশ করে ঐসব জিনিসের অবস্থা বিচারে শ্রেণী বিভাগ, এবং

(B) Noun যেসব জিনিসের নাম প্রকাশ করে ঐসব জিনিসের “গণনযোগ্যতা” (countability) বিচারে শ্রেণী বিভাগ

প্রথম দৃষ্টিকোণ থেকে noun কে প্রধানত দুই ভাগে ভাগ করা যায় :

(1) Concrete Noun

(2) Abstract Noun

Concrete Noun কে আবার চারভাগে বিভক্ত করা যায়; যথা—

(a) Proper Noun

(b) Common Noun

(c) Collective Noun

(d) Material Noun

দ্বিতীয় দৃষ্টিকোণটি থেকে noun কে দুই ভাগে ভাগ করা যায় :

(i) Countable Noun.

(ii) Uncountable Noun.

অবস্থা বিচারে শ্রেণী বিভাগ

(A) প্রথম দৃষ্টিকোণটি ছিল বস্তুর বাহ্যিক অবস্থা বিষয়ক। এই

“বাহ্যিক অবস্থা” বলতে কি বুঝানো হচ্ছে তা না বুঝলে noun এর

এই শ্রেণী বিভাগ বোঝা যাবে না। একটি উদাহরণের মাধ্যমে তাই

ব্যাপারটা স্পষ্ট করা দরকার। মনে কর একটি বারের নাম Friday.

এ-ত একটি নির্দিষ্ট সময়কালের নাম। একে দেখা, ছোঁয়া এমনকি অনুভবও করা যায় না; কিন্তু হিসাব করে বোঝা যায়। আবার আরেকটি Noun নেয়া যাক “সত্যবাদিতা (truthfulness)”, এই noun এর জিনিসটিকে ধরা, ছোঁয়া, শোনা যায় না; এটা কেবল কল্পনার সাহায্যে উপলব্ধি করা যায়। সুতরাং এই দৃষ্টিকোণ থেকে noun এর বর্তমান শ্রেণী বিভাগ করা হয়েছে। এবার তোমাদের ব্যাপারটা বুঝতে একদম কষ্ট হবে না।

concrete noun

Definition: A concrete noun is the name of something which has external physical existence and can be perceived through senses, that means, it can be seen, smelt, touched, or tasted.

(Concrete noun হল সেই সব বস্তুর নাম যাদের বাহ্যিক অস্তিত্ব আছে অর্থাৎ যা ইন্দ্রিয়ের সাহায্যে উপলব্ধি করা যায়—বা দেখা

যায়, গন্ধ দিয়ে অনুভব করা যায়, ছোঁয়া যায়, বা আশ্বাদন করা যায়)

Examples :

যা দেখা যায় : cow, book, silver (রূপা) building etc.

যার গন্ধ নেয়া যায় : air, gas, odour (ঘ্রাণ) etc.

নিচে চার প্রকার Concrete Noun এর বিস্তারিত তুলে ধরা হল:

Proper Noun

Definition : A proper noun is the name of a particular person, thing, place, or any other thing. (যে Concrete Noun কোন একটি নির্দিষ্ট ব্যক্তি, বস্তু, স্থান প্রভৃতির নাম বুঝায় তাকে proper noun বলে।)

এখানে “নির্দিষ্ট” (particular) শব্দটি খুব গুরুত্বপূর্ণ। কারণ, uncle-ও একটি noun. এর অর্থ চাচা বা মামা বা ফুফা। uncle শব্দটি দিয়ে ব্যক্তিকেই বুঝানো হয় কিন্তু কোন “নির্দিষ্ট” ব্যক্তিকে বুঝানো হয়

না। কোন ব্যক্তির অনেক uncle থাকতে পারে। তাই এটি proper noun নয়, কিন্তু Rabindranath একটি proper noun. কারণ শব্দটি দ্বারা আমরা শুধু বিশেষ কোন ব্যক্তিকেই বুঝি। যেমন -বিশ্বকবি রবীন্দ্রনাথ।

Example :

Name of persons : Rahim, Shuma, Tuhin, Shuman. Shama etc.

Name of things : Titanic (একটি জাহাজের নাম), Friday,

Quran,Bible, Moon etc.

Name of place : Bhanderkote, Khulna, Dhaka, America, Africa etc.

Some Important Notes (কতকগুলো গুরুত্বপূর্ণ টীকা)

Note 1 : proper noun কোন নির্দিষ্ট বা বিশেষ ব্যক্তি, বস্তু, স্থান, বা অন্য কিছুর নাম।

Note 2 : proper noun এর প্রথম অক্ষর সব সময় capital letter হয়। যেমন, Quran, Gita, Nazrul etc. আবার God, Lord, Bible ইত্যাদি proper noun যখন proper noun হিসাবে ব্যবহৃত হয় না তখন তাদের প্রথম অক্ষর হয় small letter.

Note : Earth, Sun, Moon—ইত্যাদি কেবল একটি ব'লে কেউ কেউ এগুলোকে singular noun বলে থাকেন। এদের আগে The বসে এবং এদের নামের প্রথমে capital letter না ব্যবহার করলেও চলে।

Common Noun

Definition:

A common noun is one which is common to each member of a class of persons or things. (যে noun কোন এক শ্রেণীর ব্যক্তি বা বস্তুর প্রত্যেকের সাধারণ নাম বুঝায় তাকে common noun বলে ।) এখানে "common" বা “সাধারণ” শব্দটি সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ।

Example : Rahim বললে শুধু নামের একজন বিশেষ ব্যক্তিকে

বুঝায় কিন্তু boy বললে কোন বিশেষ বালককে বুঝায় না । boy

কথাটি সমুদয় বালকদেরকে সাধারণভাবে বুঝায় । এভাবে

student (ছাত্র) বললে যাবতীয় ছাত্রদের সাধারণ নাম ধরেই ডাকা

হয় । আবার, মনে কর তুমি বললে “আমি পদ্মা, মেঘনা, যমুনা,

ব্রহ্মপুত্র, শীতলক্ষ্যা, পশুর, শিবশা, আড়িয়াল খাঁঁ-এ সবগুলো

দেখেছি” তারপর বাক্যটিকে আরও সংক্ষেপে বলতে চাইলে ।

কারণ তুমি সবগুলো object এর নাম বলে শেষ করতে পারবে না,

যেহেতু তুমি অনেক দেখেছ । তুমি অবশেষে উপরের প্রতিটির

জন্য একটি সাধারণ নাম বের করলে। তা হল river বা নদী।

কারণ, নাম যাই হোক না কেন, প্রত্যেকটি নদী (river) ছাড়া আর

কিছু নয়। তাহলে সংক্ষেপে তুমি বলতে পার— আমি অনেক

নদী দেখেছি । I have seen many rivers.

এখানে river হল . নিচে কতকগুলো proper noun এবং তাদের

সংশ্লিষ্ট common noun এর উদাহরণ দেওয়া হল :

Proper Noun	Common Noun
rose (গোলাপ)....	flower (ফুল)
Rabindranath...	poet (কবি)
Rehana ...	girl
Earth (পৃথিবী)	Planet (গ্রহ)
Mars (মঙ্গল)	
Neptune (নেপচুন)	

lungi (লুঙ্গি)	
shari (শাড়ি)	
shirt (জামা)	
	dress (পোশাক)

Interesting Point :

Common noun যদিও সাধারণ নাম বুঝায় তবুও এটি

স্বাভাবিকভাবে singular noun বা একবচন হয়ে থাকে। যেমন

river দ্বারা সব নদী বুঝালেও 'river' শব্দটি দ্বারা অনেকগুলো বা

সব নদীকে নির্দেশ নাও করা হতে পারে যেমন :

The Pashur is a river. এখানে river বলতে একটিমাত্র নদীকেই

বুঝাচ্ছে। river যখন বলি তখন শুধু পশুর কেন যেকোন নদীকেই বুঝাতে পারি। কারণ river বা নদী হল এক জাতীয় জিনিসের সাধারণ নাম, তথাপি উপরের বাক্যে একটি মাত্র নদী Pashur কেই বুঝানো হয়েছে। এইখানেই collective noun এর সাথে common noun এর পার্থক্য যা আমরা পরে দেখব।

Collective Noun

Definition: A collective noun is the name of a group or collection of persons or things of the same kind thought of as one undivided whole. (যে noun একজাতীয় ব্যক্তি বা বস্তু ইত্যাদির অবিভক্ত সমষ্টিকে বুঝায় তাকে collective noun বলে।) সংজ্ঞার "undivided whole" বা "অবিভক্ত সমষ্টি" কথাটি গুরুত্বপূর্ণ। এই কথাটির মধ্যেই common noun এবং collective noun এর মধ্যকার পার্থক্য নিহিত। নিচের example এর মাধ্যমে

ব্যাপারটি স্পষ্ট করে বুঝানো হল ।

Example :

River বলতে কোন নির্দিষ্ট নদীকে বুঝায় না, যে কোন নদীকে বুঝাতে পারে। তাই বলে আবার সব নদীকে একসাথে বুঝায় না।

অপরপক্ষে, class বা শ্রেণী বলতে একটি বিশেষ শ্রেণীর (যেমন class IX বা X) সকল ছাত্র/ছাত্রীদেরকে একসাথে বুঝায়। তাদের যে কোন একজনকে বুঝায় না । এক্ষেপে army বলতে দেশের সকল সৈন্যের সমন্বয়ে গঠিত বাহিনীকে বুঝায়, যেকোন একজন বা এক unit কে বুঝায় না।

এবার আরও কয়েকটি collective noun এর উদাহরণ :

flock (ঝাঁক), band (দল), cavalry (অশ্বারোহী সৈন্যদল,) herd

(পাল), jury (বিচার সভা বা কোর্টের আইনজ্ঞ ব্যক্তিবর্গ), crowd

(জনতা), gang (দল), team (দল), party (দল), infantry (পদাতিক

সৈন্যদল), fleet (রণতরী শ্রেণী), navy (নৌ সেনাদল), audience (শ্রোতৃবর্গ), committee (সভাসদবর্গ), group (দল) ইত্যাদি।

Rule-1 (নিয়ম:- ১) : Collective noun যদি কোন sentence এর subject রূপে ব্যবহৃত হয় তাহলে ঐ subject এর verbটি হয় singular; অর্থাৎ, verbটির সাথে s/es যুক্ত হয়। যেমন-

এক ঝাঁক পাখি উড়ছে : A flock of birds is flying. (এখানে are ব্যবহৃত না হয়ে is ব্যবহৃত হয়েছে।)

একদল ডাকাত এখানে এসেছে : A band (gang) of robbers has come here.

একদল খেলোয়াড় যায় : A team of players goes. ইত্যাদি।

Rule-2 (নিয়ম-২) : Collective noun যদি কখনও সমষ্টিকে না বুঝিয়ে পৃথক পৃথকভাবে প্রতিটি বস্তু বা ব্যক্তিকে বুঝায় তাহলে তখন তাকে বলে noun of multitude. এরূপ noun এর ক্ষেত্রে

plural verb ব্যবহৃত হয়। (অর্থাৎ is, was ব্যবহৃত না হয়ে are, were ব্যবহৃত হয় এবং verb এর শেষে s/es যুক্ত হয় না। have ব্যবহৃত না হয়ে has ব্যবহৃত হয় ইত্যাদি। যেমন : শ্রেণীটি দুইভাগে ভাগ হয়ে গিয়েছে The class (is নয়) are divided into two divisions (এক্ষেত্রে একটি class দুইটি ভাগে পরিণত হয়েছে, ফলে verb এর plural number হবে।)

Material Noun

Definition: A material noun is a name which indicates a matter or substance as a mass and does not indicate any part or number of it. (যে noun কোন পদার্থের সমুদয় অংশকে এককভাবে বুঝায় এবং তার অন্তর্গত কোন খন্ড বা অংশকে বুঝায় না তাকে material noun বলে। এই noun যে বস্তুকে নির্দেশ করে তাকে গণনা করা যায় না, অন্য কোনভাবে পরিমাপ করা যায়।

Example : plate (থালী) বললে আমরা একটি বস্তুকে বুঝি। কিন্তু

salt (লবণ) বললে আমরা কোন একটি জিনিসকে বুঝি যা গণনা করা যায় না। এক কণা লবণকে আমরা salt বলি না, বহু অসংখ্য কণা লবণের সমষ্টিকে। এভাবে water, gold, iron, milk, tea, water ইত্যাদি হল material noun.

Note : material noun এর পরে singular verb ব্যবহৃত হয়। যেমন-
Water is essential (অত্যাৱশ্যক) to life.

Gold is a precious metal.

এতক্ষণ আমরা concrete noun এর বিভিন্ন শ্রেণী বিভাগ নিয়ে আলোচনা করলাম। এবার abstract noun নিয়ে আলোচনা করা যাক।

Abstract Noun

Definition: Abstract noun is that noun which indicates some abstract idea or quality which has no physical existence and

cannot be touched, smelt, heard, or perceived through the sense;

but can only be imagined. (Abstract noun হল সেই noun যা

কোন অবস্তুগত ধারণা বা গুণকে নির্দেশ করে; যার কোন বাহ্যিক

অস্তিত্ব নেই এবং যা ছোঁয়া যায় না; গন্ধ দ্বারা বা শ্রবণ দ্বারা বোঝা

যায় না; কিন্তু শুধু কল্পনা দ্বারা বোঝা যায়।)

Examples : honesty (সততা), boyhood (বাল্যকাল), justice

(ন্যায়), heroism (বীরত্ব) ইত্যাদি abstract noun এর উদাহরণ।

Formation of Abstract Nouns :

(1) Common Noun থেকে :

Common Noun	Abstract Noun
agent (প্রতিনিধি)	agency (প্রতিনিধিত্ব)
boy (বালক)	boyhood (বাল্যকাল)

child	childhood (শৈশব)
girl	girlhood (শৈশব—স্ত্রীলিঙ্গ)
man	manhood (মানবতা)
friend (বন্ধু)	friendship (বন্ধুত্ব)
hero (বীর)	heroism (বীরত্ব)
infant (শিশু)	infancy (শৈশব)
father (পিতা)	fatherhood (পিতৃত্ব)
mother (মা)	motherhood (মাতৃত্ব)
slave (দাস)	slavery (দাসত্ব)

thief (চোর)	theft (চৌর্যবৃত্তি)
robber (ডাকাত)	robbery (ডাকাতি)
student (ছাত্র)	studentship (ছাত্রত্ব)

তাহলে আমরা দেখলাম যে common noun এর সাথে ism, hood, y, ship ইত্যাদি যুক্ত ক'রে তাকে abstract noun এ রূপান্তরিত করতে হয়।

(2) Adjective থেকে :

Adjective	Abstract Noun
poor (গরিব)	poverty (দারিদ্র)
anxious (চিন্তিত)	anxiety (দুঃশ্চিন্তা)

stupid (বোকা)	stupidity (বোকামি)
beautiful (সুন্দর)	beauty (সৌন্দর্য)
deep (গভীর)	depth (গভীরতা)
fat (মোটা)	fatness (বিশালতা)
long (লম্বা)	length (দৈর্ঘ্য)
high (উচ্চ)	height (উচ্চতা)
young (যুবক)	youth (যৌবন)
clever (চালাক)	cleverness (চালাকি)
true (সত্য)	truth (সত্যতা)

wide (প্রশস্ত)	width (বিস্তার)
wise (জ্ঞানী)	wisdom (জ্ঞান)

(3) Verb থেকে :

Verb	Abstract Noun
advise (উপদেশ দেয়া)	advice (উপদেশ)
believe (বিশ্বাস করা)	belief (বিশ্বাস)
give (দেয়া)	gift (উপহার)
laugh (হাসা)	laughter (হাসি)
live (বাস করা, বেঁচে থাকা)	life (জীবন)

practise (অনুশীলন করা)	practice (অনুশীলন)
think (ভাবা, চিন্তা করা)	thought (ভাবনা, চিন্তা)
see (দেখা)	sight (দৃশ্য, দৃষ্টি)
arrive (আগমন করা)	arrival (আগমন)
know (জানা)	knowledge (জ্ঞান)
educate (শিক্ষা দেয়া)	education (শিক্ষা)
govern (শাসন করা)	government (সরকার)
hate (ঘৃণা করা)	hatred (ঘৃণা)
choose (বাছাই করা)	choice (বাছাই)

obey (মান্য করা)	obedience (মান্যতা)
serve (সেবা করা)	service (সেবা)
discuss (আলোচনা করা)	discussion (আলোচনা)
examine (পরীক্ষা করা)	examination (পরীক্ষা)
deduct (বিয়োগ করা)	deduction (বিয়োগ)
multiply (গুণ করা)	multiplication (গুণন)
amplify (সম্প্রসারিত করা)	amplification (সম্প্রসারণ)

গণনযোগ্যতা (countability) অনুসারে শ্রেণীবিভাগ :

এতক্ষণ আমরা প্রথম দৃষ্টিকোণ থেকে noun এর শ্রেণীবিভাগ আলোচনা করলাম, এখন দ্বিতীয় দৃষ্টিকোণ থেকে noun এর শ্রেণীবিভাগ আলোচনা করা হবে ।

Countable Noun

Definition: A countable noun is the name of anything which can be counted by number. (যে বস্তুর সংখ্যা গণনা করা যায় তার নামকে countable noun বলে)

Examples : flower (ফুল), child (শিশু), book (বই), pen, star (তারা), river (নদী) ইত্যাদি জিনিস একটি, দুইটি, তিনটি ইত্যাদি সংখ্যা দিয়ে গণনা করা যায় বলে এই সব noun কে countable noun বলে ।

Uncountable Noun

Definition: An uncountable noun is the name of anything that cannot be counted by numbers and may be measured by some other units only. (যে সকল বস্তু সংখ্যা দ্বারা গণনা করা যায় না, শুধু অন্য কোন উপায়ে পরিমাপ করা গেলেও যেতে পারে তাদের নামকে uncountable noun বলে।)

Examples : Table কাঠ বা wood দিয়ে তৈরী করা হয়। সুতরাং এটি হল একটি countable noun. কিন্তু wood বা কাঠ গোনা যায় না বলে এটি হল uncountable noun. এভাবে কোন abstract noun ও uncountable noun. যেমন, ক্ষমা বা forgiveness. এটি একটি abstract noun. একে গণনা করা যায় না বলে এটি হল uncountable noun. এভাবে, water, salt, virtue (গুণ), honesty (সততা), air, sight (দৃশ্য, দৃষ্টি), beauty (সৌন্দর্য) ইত্যাদি হল uncountable noun.

Some Rules of Countables and Uncountables

RULE-1: Many + Countable Noun

অর্থাৎ countable noun এর সাথে many (অনেক) ব্যবহৃত হয়।

যেমন:

(1) তার অনেক বই আছে - He has **many** books.

(2) অনেক বালক সেখানে খেলছে- **many** boys are playing there.

(3) সে অনেকগুলো থালা ভেঙেছে—She has broken **many** plates.

(4) এ বিষয়ে অনেক নিয়ম আছে—There are **many** rules regarding this matter.

[Note: countable noun-এর সাথে much ব্যবহৃত হয় না।]

RULE-2: A Few + Countable Noun

A few = কয়েকজন, কয়েকটি ইত্যাদি

- (1) আমার অল্প কয়েকটি বই আছে - I have **a few** books.
- (2) তার অল্প কয়েকজন বন্ধু আছে – He has **a few** friends.
- (3) অল্প কয়েকজন লোক সেখানে গিয়েছিল — **a few** people went there.

[Note : A few আর few এর অর্থ এক নয়। নিচে তা প্রমাণিত হবে।]

RULE-3 : Few + Countable Noun

এখানে few (a few নয়) অর্থ “নেই বললেই চলে।” যেমন :

- (1) আমার এখানে কোন বন্ধু নেই বললেই চলে—I have **few** friends here.
- (2) আমাদের দেশে শিক্ষিত মহিলা নেই বললেই চলে — There are **few** educated women in our country.
- (3) সে অংক পরীক্ষায় নম্বর পায়নি বললেই চলে (অর্থাৎ, যেমন, ৪ বা ৫ পেয়েছে) He has obtained **few** marks in the math. exam.

[Note : countable noun-এর সাথে যেখানে few বা a few

ব্যবহৃত হয় uncountable noun এর ক্ষেত্রে সেখানে

যথাক্রমে little ও a little ব্যবহৃত হয়। পরে এসব জানা

যাবে।]

RULE-4: Much+ Uncountable Noun

Countable noun-এর সাথে “অনেক” বুঝাতে many ব্যবহৃত হয়,

কিন্তু uncountable noun-এর সাথে একই অর্থে much ব্যবহৃত হয়।

যেমন,

তার অনেক বন্ধু আছে – He has **many** friends, কিন্তু এই পুকুরে

অনেক পানি”—বাক্যটি ইংরেজিতে লিখতে হবে—There is (are

নয়) **much** (many নয়) water in this pond.

এবার আরও কয়েকটি উদাহরণ দেখ :

(1) এ বিষয়ে আমার অনেক সন্দেহ আছে—I have **much** doubt

about it.

(2) প্রতিদিন ৩টি করে ডিম আমাদের অনেক শক্তি দেয়—Three eggs per day give us **much** strength.

(3) তার অনেক দয়া — He has **much** kindness.

RULE-5 : Little + Uncountable Noun

Countable noun-এর সাথে যে অর্থে few ব্যবহৃত হয় সেই একই অর্থে uncountable noun-এর সাথে little ব্যবহৃত হয়। যেমন :

(1) পাত্রে পানি নেই বললেই চলে : There is **little** water in the pot.

(2) এ বিষয়ে আমার কোন জ্ঞান নেই বললেই চলে—I have **little** knowledge about it.

(3) আমাকে দুধ প্রায় দেওয়াই হয় না : I am given **little** milk.

RULE-6 : More + Countable / Uncountable Noun

যেহেতু many এবং much উভয়ের comparative degree হল more,

সুতরাং more countable এবং uncountable উভয় noun এর ক্ষেত্রে

ব্যবহৃত হয়। যেমন :

(1) আরও বেশি পানি দরকার — **More** water is needed.

(uncountable).

(2) আরও বেশি লোক দরকার — **More** people are needed.

(countable).

(3) সেকি আরও বেশি টাকা চায়? Does he want **more** money?

RULE-7: Fewer + Countable Noun

Rule—3 দেখ । এবার নিচের sentence গুলো পড়।

(1) আজ তার কথায় কম মিথ্যা আছে— There are **fewer** lies in his speech today.

(2) আরো কম সংখ্যক বই বিক্রি করা হয়েছিল— **Fewer** books were sold.

(3) আজ বাড়ির কাজ হিসেবে আরও কম সমস্যা দেওয়া

হয়েছে—Today **fewer** problems have been given as assignment.

সুতরাং দুইটির মধ্যে তুলনায় একটি কম এরূপ বুঝালে countable noun-এর আগে fewer বসে। এটি হল few এর comparative.

RULE-8: Less + Uncountable Noun

Fewer যে অর্থে countable noun এর সাথে ব্যবহৃত হয় সেই অর্থে uncountable noun এর সাথে less ব্যবহৃত হয়। যেমন :

(1) এই পাত্রে ঐ পাত্রের চেয়ে কম পানি আছে—There is **less** water in this pot than a in that pot.

(2) সে তার ভাইয়ের চেয়ে কম পয়সা খরচ করে - He spends **less** money than his brother.

(3) তার গায়ের ওজন আমার গায়ের ওজনের চেয়ে কম - She has **less** weight than I.

RULE-9 : Fewest + Countable Noun

Few, fewer, fewest—এগুলো সব countable noun এর ক্ষেত্রে

প্রযোজ্য ।

(1) তার সবচেয়ে কম সংখ্যক কলম আছে—She has the fewest pens. (the এর ব্যবহার লক্ষ্য কর)

(2) আমি সবচেয়ে কম জায়গায় গিয়েছি - I have been to the fewest places.

RULE-10 : Least + Uncountable Noun

Much-less-least—সবই uncountable noun-এর ক্ষেত্রে ব্যবহৃত হয়।

(1) এই গ্লাসে সবচেয়ে কম পানি ধরে—This glass contains the **least** water.

(2) সে সবচেয়ে কম বুঝে— He understands the **least** .

(3) মনে হয় মেয়েটি সবচেয়ে কম ভদ্রতা জানে— The girl seems to know the **least** gentility.

RULE-11: The few + Countable Noun

“অল্পসংখ্যক”—কথাটাকে যদি নির্দিষ্ট করে বুঝানো হয় তাহলে
the few ব্যবহৃত হয়।

(1) যে সামান্য কয়েকজন লোক সেখানে গিয়েছিল, তারা যথেষ্ট ছিল

না - **The few** people that went there were not enough.

(2) আকবর ভারতের হাতে গোনা কয়েকজন রাজার চেয়ে মহান
ছিলেন— Akbar was greater than **The few** other kings of India.

(3) তোমার যে ক'খানা চেয়ার আছে এদিয়ে তুমি কি করতে চাও?

- What do you want to do with **The few** chairs (that) you have?

RULE-12 : Very few + Countable Noun

এত “কম” যে খুব জোর দিয়ে বলার প্রয়োজন আছে—এরূপ
ক্ষেত্রে very few ব্যবহৃত হয়।

(1) বাংলাদেশের খুব কম জনগণই শিক্ষিত – **Very few** people of

Bangladesh are educated.

(2) এই স্কুলের খুব কম মেয়েরাই সুন্দরী – **Very few** girls of this school are beautiful.

(3) সে খুব কমই কথা বলে — He speaks **very few** words.

RULE-13 : The Very few + Countable Noun

Rule 11–তে বেশি জোর দিয়ে এবং বেশি নির্দিষ্ট করে কিছু বুঝাতে the very few ব্যবহার করা যেত । নিজে নিজে অভ্যাস কর।

RULE-14 : Most + Countable / Uncountable Noun

much	more	most
many	more	most

অতএব, much ও many-এর superlative degree একই হওয়াতে (অর্থাৎ most) most countable এবং uncountable উভয় noun এর সাথেই ব্যবহৃত হতে পারে। যেমন :

(1) এখানকার অধিকাংশ (প্রায় সব) লোকই মুসলমান –

Most people of this place are Muslims.

(2) অধিকাংশ তাপই অপচয় হয়ে গিয়েছিল– **Most** heat was wasted.

(3) অধিকাংশ শিশুরাই মিষ্টি খেতে ভালবাসে - **Most** children are fond of eating sweetmeats.

RULE-15 : Several + Countable Noun

Several অর্থ কয়েক, কতিপয় ।

(1) কতিপয় ছাত্র/ছাত্রীরাই ঠিকমত পড়াশুনা করে–

Several students study regularly.

(2) কয়েকটি বড়ি হারিয়ে গেছে— **Several** pills are missing.

(3) কতিপয় লোক এই গন্ডগোল লাগিয়েছিল— **Several** people caused the chaos.

RULE-16 : The Rest of + Countable/Uncountable Noun

the rest of = বাকি, অবশিষ্ট।

(1) সেখানে দশজন ছাত্র ছিল : দুইজন বিজ্ঞান বিভাগের, তিনজন কলা বিভাগের, এবং বাকি সবাই বাণিজ্য বিভাগের ছাত্র।

- Ten students were there: two were of science group, three were of arts group, and **The rest of** them were of commerce group.

(2) তার বাকি কলমগুলো হারিয়ে গেছে— **The rest of** her pens have been lost.

(3) অবশিষ্ট জনগণ সেখানে বসে ছিল — **The rest of** the people were sitting there.

RULE-17 : Some + Countable / Uncountable Noun

- (1) আমি কিছু পানি চাই—I want **some** water.
- (2) কিছু কিছু লোক এরকম বলে — **Some** people say so.
- (3) আমি কিছু বই কিনেছি—I have bought **some** books.

RULE-18 : Some of + Countable / Uncountable Noun

- (1) তাদের মধ্যে কেউ কেউ গিয়েছিল— **Some of** them went.
- (2) তুমি এই দুধের কিছুটা পান করতে পার— You can drink **Some of** the milk.
- (3) কিছু কিছু গাছ ভেঙ্গে পড়েছিল — **Some of** the trees broke down.

RULE-19 : Many of + Countable Noun

- (1) তাদের মধ্যে অনেকেই যাদু জানে— **Many of** them know magic.

(2) বইগুলোর মধ্যে অনেকগুলোই ইংরেজিতে লেখা— **Many of** the books are written in English.

RULE-20 : Much of + Uncountable Noun

(1) পাত্রের অনেক দুধই বাসি – **Much of** the milk of the pot is stale.

(2) এই খাদ্যের অনেক অংশই ভিটামিন আছে— **Much of** the food contains vitamins.

RULE-21 : Several of + Countable Noun

(1) তাদের মধ্যে কয়েকজন খুব সৎ - **Several of** them are very honest.

(2) বাংলাদেশের কয়েকটি নদী অকেজো হয়ে পড়েছে—
Several of the rivers of Bangladesh have become useless.

Classification Of Pronouns in details

আমরা parts of speech শিখতে গিয়ে Pronoun সম্বন্ধে জেনেছি।

এখানে স্মরণ করার জন্য আরেকটু আলোচনা করা হল ।

Pronoun হল noun এর পরিবর্তে ব্যবহৃত word যেমন : Rahim

eats rice. বাক্যে Rahim এর স্থলে He বসাতে পারতাম। এই He

হল pronoun. Pronoun সম্বন্ধে আরো পরিষ্কার ধারণা নেয়ার জন্য

Parts of Speech পোস্টটি দেখে নাও । এই টিউটরিয়ালে আমরা

Classification Of Pronouns in details জানার চেষ্টা করব

|Classification Of Pronouns

Pronoun আট প্রকার। নিচে সংক্ষেপে সেগুলোর নাম দেয়া হল।।

পরে এই টিউটরিয়ালে-এ প্রতিটি ভাগ নিয়ে আমরা বিস্তারিত

আলোচনা করব ।

Type of pronouns	Example
1. Personal	I, you, they, we he, she etc.
2. Interrogative	who? what? which ? etc.
3. Distributive	each, neither, either etc.
4. Demonstrative	this, such, that etc.
5. Relative	who, what, which, that etc.
6. Reciprocal	each other, one another etc.
7. Reflexive and Emphatic	myself, yourself, herself etc.
8. Indefinite	one, any, some etc.

Personal Pronoun

কোন ব্যক্তি বা বস্তুর নামের পরিবর্তে যে pronoun ব্যবহৃত হয়

তাকে personal pronoun বলে। যেমন :

ব্যক্তির নামের পরিবর্তে : **I** did it. **You** can do

everything. **They** are students.

বস্তুর নামের পরিবর্তে : He did **it**.

Personal Pronoun আবার তিন প্রকার।

(a) Personal pronoun of the first person: First person বা উত্তম

পুরুষে যে সব pronoun (সর্বনাম) ব্যবহৃত হয় তারা এই প্রকারের

pronoun. যেমন: I, we, my, me, our, us, ours. etc.

(b) Personal pronoun of the second person : Second person বা

মধ্যম পুরুষে যে সব pronoun ব্যবহৃত হয় তাদেরকে এই প্রকারে

গণ্য করা হয়। যেমন: You, your, yours, thou etc.

(c) Personal pronoun of the third person: Third person বা নাম

পুরুষে যে সব pronoun ব্যবহৃত হয় তারা এই প্রকারের pronoun.

যেমন : He, she, him, his, they, their, them etc.

Characteristics of personal pronouns

Number, person, case- এর পরিবর্তনের সাথে সাথে personal pronoun পরিবর্তিত হয়। যেমন- singular number এর I পরিবর্তিত

হয়ে plural number-এ we রূপ ধারণ করে । আবার, first person-

এ I, we ইত্যাদি ব্যবহৃত হলেও second person- এ you, your

ইত্যাদি এবং third person-এ he, she, they ইত্যাদি ব্যবহৃত হয়।

অধিকন্তু nominative case-এর he objective case এ him এবং

possessive case- এ his রূপ ধারণ করে । সুতরাং, number, person,

ও case-এর পরিবর্তনের সাথে সাথে personal pronoun-এর রূপের

পরিবর্তন হয়। নিচের ছকের মাধ্যমে বিষয়টি আরও

চমৎকারভাবে দেখান হল :

Word-notes : Thou = তুই , Thee = তোকে , Thine—তোর,

Thy—তোর

(a) Possessive pronoun- এর দু'টি রূপ আছে । একটির আওতায়

পড়ে my, thy, her, its, our, their. এরা কোন noun এর আগে বসে adjective এর কাজ করে । যেমন: My pen-(আমার কলম) , Their house (তাদের বাড়ি) ।

অন্যরূপটির আওতায় পড়ে mine, thine, hers, ours, yours,

theirs. এরা ব্যবহৃত হয় pronoun রূপে (adjective রূপে নয়) এবং

এদের পরে কোন noun বসে না। এদের আগে of বসে। যেমন :

He is a friend of **mine**.

(b) নিচের বাক্যটি পড়:

His table is heavier (ভারী) than my table.

বাক্যটিতে table শব্দটি দুইবার ব্যবহৃত হয়েছে। কিন্তু table শব্দটি দ্বিৰুক্তি এড়ানোর জন্য my table এর table তুলে দিয়ে my কে mine-এ পরিণত করতে হবে।

His table is heavier than **mine** .

'Table' noun টি একই sentence-এ আগে একবার ব্যবহৃত হয়েছে বলেই এই কাজটি সম্ভব হয়েছে।

The gender of personal pronoun: gender ভেদে first person ও second person-এর personal pronoun -এর কোন পরিবর্তন হয় না। যেমন :

Gender	First Person	Second Person
Masculine	I, we, us, our etc.	You, your, yours
Feminine	I, we, us, our etc.	You, your, yours

কিন্তু Gender ভেদে Third person -এ personal pronoun -এর রূপ পরিবর্তিত হয় । যেমন :

Person	Masculine	Feminine	Neuter
3rd	he	she	it
3rd	him	her	it
3rd	his	-	her, hers, its

কিন্তু they, their, theirs-এর কোন পরিবর্তন হয় না ।

Use Of 'It'

It নিম্নলিখিত ক্ষেত্রে ব্যবহৃত হয়:

(i) **Inanimate object বা জড় পদার্থ বুঝাতে :**

I have written a letter and I want to send **it** to my father.

(ii) **Inferior animals বা ইতর প্রাণী বুঝাতে :**

We have a dog and we love **it** very much.

(iii) **উভয়লিঙ্গের baby বা শিশু বুঝাতে :**

The child (or baby) is crying for **its** (his বা her নয়) mother.

(iv) **Preparatory বা provisional (অস্থায়ী) subject রূপে sentence-এর প্রথমে :**

It is good to take exercise regularly.

It is bad to tell a lie.

NOTE : উপরের কায়দায় It ব্যবহৃত হলে এর পর সাধারণত

Infinitive phrase বা that clause বসে। যেমন :

It is wrong to say so (Infinitive phrase)

It is true that he will come. (that clause)

এখন sentence-এর প্রথমে **It** ব্যবহার করতে না চাইলে infinitive phrase বা that clause আগে বসাতে হয় । যেমন :

To say so is wrong.

That he will come is true.

(v) **It** কখনও কখনও কোন object-এর পরিবর্তে provisional (অস্থায়ী) object রূপে বসে :

I find **it** unscrupulous (অবিবেচক সূলভ) to tell him every thing.

He thinks **it** fine to sacrifice. (ত্যাগ করা)

NOTE : ছাত্র/ছাত্রীদের কাছে উপরের sentence গুলোর গঠন কঠিন মনে হতে পারে । কিন্তু আসলে তা মোটেই কঠিন নয়।

উপরের ২য় sentenceটি কি ভাবে গঠিত হল তা নিচে দেখান হল :

He thinks that it is fine to sacrifice (তিনি মনে করেন যে ত্যাগ

করা ভাল)।

এই বাক্যটির that এবং is তুলে দিলে থাকে :

He thinks **it** fine to sacrifice.

যার অর্থ আগের sentence টির অর্থের মত। শুধু বাক্যের গঠনরূপ ভিন্ন।

(vi) আগের উল্লেখিত কোন বক্তব্যকে আবার নির্দেশ করতে :

He called me but I did not know **it**. (এখানে it= his calling me, তার ডাকা).

(vii) For emphasis (জোর দেয়ার জন্য) :

You have done **it** . (তুমি একাজ করেছ)

কিন্তু যদি বলি তুমিই একাজ করেছ—তাহলে লিখতে হবে : **It** is you who have done it. এখানে **It** দ্বারা পরবর্তী pronoun 'you' এর উপর জোর দেয়া হয়েছে।

এভাবে : **It** is Biva who has (have) won the prize.

(viii) কখনও কখনও cognate object রূপে :

We will have to walk the way.

না লিখে যদি লিখি We will have to walk **It** .

তাহলে it দ্বারা the way-কে বুঝায় এবং যেহেতু the way একটি cognate object সেহেতু it-ও একটি cognate object রূপে কাজ করেছে।

এভাবে : They will have to fight **It** (=the fight) to the end.

He dreamt **It** (=this dream) long before.

(ix) Sentence-এ কোন subject না থাকলে, ব্যক্তি বা বস্তুকে

না বুঝিয়ে নৈর্ব্যক্তিকভাবে (impersonally) :

It rains. (বৃষ্টি হচ্ছে।)

It is very cold today. (আজ খুব ঠান্ডা।)

It is twelve O'clock now.

interrogative pronoun

নিচের বাক্যটি পড়

He is the **doctor** we met.

এখানে noun হল doctor. আমরা জানি pronoun কোন noun এর পরিবর্তে ব্যবহৃত হয়। তাহলে interrogative pronoun-ও কোন noun এর পরিবর্তে বসবে। কিন্তু এটি একটি বাড়তি কাজ করে। তা হল, এটি একটি প্রশ্ন সূচিত করে। প্রশ্নটি যদি এমন হয়।

Is he the doctor we met?

(তিনি কি সেই ডাক্তার যার সাথে আমরা সাক্ষাৎ করেছিলাম?)

তাহলে কিন্তু এতে interrogative pronoun ব্যবহৃত হল না। সেই doctor nounটি রয়েই গেল এবং প্রশ্নের মাধ্যমে তাকেই নির্দিষ্ট ক'রে বুঝানো হল। কিন্তু interrogative pronoun “who”-এর একটি বড় বৈশিষ্ট্য হল এটি কোন কিছুকে নির্দিষ্ট ক'রে বুঝায় না। আর এজন্যে interrogative pronoun ব্যবহার করলে উপরের বাক্যে

"doctor" nounটি থাকবে না।

যেমন : Who is he?

তাহলে, যে pronoun দ্বারা কোন প্রশ্ন জিজ্ঞাসা করা হয় তাকে interrogative pronoun বলে ।

Interrogative pronouns and the case: Interrogative pronoun

হিসেবে সাধারণত who, which, what-এই তিনটি ব্যবহৃত হয়।

এদের মধ্যে case ভেদে শুধু who এর রূপের পরিবর্তন হয়।

যেমন :

Nom.Case	Obj.Case	Poss. Case
who (কে)	whom (কাকে)	whose (কার?)
Examples:	Who are you? (nominative)	

	Whom do you love? (objective)
	Whose pen is this? (possessive)

Uses of who, which, what

Who :

(1) Subject হিসেবে :	Singular number হিসেবে - Who is he? Plural number হিসেবে - Who are they?
(2) Object হিসেবে :	Singular: Who (whom) do you want? Plural : Who (whom) are you looking for?

NOTE : আধুনিক ইংরেজিতে object হিসেবে whom এর

পরিবর্তে who—প্রায়ই ব্যবহৃত হয় ।

Which :

Singular-এ	
:	Which of these pens do you want? (কোনটি)
Plural-এ :	Which Of These Books Do You Want? (কোন কোনটি)

NOTE : অনেকগুলোর মধ্য থেকে একটি বা একাধিক সংখ্যক
বেছে নেয়া বুঝাতে which ব্যবহৃত হয় ।

যেমন : Which of these pens do you want?

(= Which pen do you want? কলমগুলোর মধ্যে কোনটি তুমি
চাও?)

What : (বস্তুর বেলায়)

Singular- এ :	What will you eat? (তুমি কি খাবে ?)
Plural-এ :	What are the factors that should be considered? (কি কি বিষয় বিবেচনা করতে হবে?)
পেশার ক্ষেত্রে :	
NOTE	What is he? (তিনি কি করেন? তার পেশা কি?)
	Who is he? (তার পরিচয় কি? বা তিনি কে?)
	What is he? (তার পেশা কি?)
	Which is he? (সে কোন্ জন?—অনেকের মধ্যে)

(iii) **what ও which এর adjective হিসেবে ব্যবহার:**

Which pen is yours? (adjective হিসেবে)

Which of these pens is yours? (pronoun হিসেবে)

What factors should be considered? (adjective হিসেবে)

(iv) **Exclamation বা আবেগ প্রকাশের জন্য :**

What! Has he failed? (কি বললে! সে ফেল করেছে?)

What a fool you are! (তুমি কী বোকা!)

একটি নিয়ম : নিয়মটি উদাহরণের মাধ্যমে দেখা যাক ।

I am looking for him. (আমি তাকে খুঁজছি)

এখানে him এর পরিবর্তে whom বসালে বাক্যটি হবে I am

looking for whom? (আমি কাকে খুঁজছি?)

কিন্তু এই styleটি কথোপকথনে ব্যবহৃত হয়। Grammar বলে যে

বাক্যটিকে নিম্নরূপ হতে হবে—

Who (Whom) am I looking for? (আমি কাকে খুঁজছি?)

লক্ষ্য কর, Preposition এখন who/whom এর পরে ব্যবহৃত
হয়েছে, আগে নয় কিন্তু আগের বাক্যটিতে ... মনে আছে?
এভাবে--

I have come from that city- থেকে

Which city have I come **from** ?

He went there for duty's call.

(সে কর্তব্যের ডাকে সেখানে গিয়েছিল।)

থেকে পাই— **What** did he go there **for** ? (সে কেন সেখানে
গিয়েছিল?)

You are waiting **for** the train.

থেকে পাই—What are you waiting **for**? (তুমি কেন অপেক্ষা
করছ?)

He gave the pen to him.

থেকে পাই— Who did he give the pen **to**? (সে কলমটি কাকে দিয়েছিল।

কিন্তু Who-এর আগে to বসলে কিন্তু who পরিণত হত whom তে।

যেমন:

To **whom** did he give the pen?

কিন্তু অর্থ একই থাকত, শুধু গঠনরীতির (structure) রদবদল আরকি।

What not-এর ব্যবহার : What not মানে “আরও কত কী”;

যেমন :

Noun বুঝাতে : They have a cow, a dog, a goat, two cats, four sheep and **what not** .

Verb বুঝাতে : The children played, danced, laughed, swam, jumped and **what not**.

Distributive Pronoun

Distribute মানে ভাগ ক'রে দেয়া, বন্টন ক'রে দেয়া। Distributive pronoun গুলো অনেক গুলো noun বা pronoun-এর মধ্য থেকে বেছে নিয়ে বিশেষ ভাবে বন্টন করে। কী ভাবে—তাই দেখা যাক।

Distributive Pronoun গুলো হচ্ছে : each; either....or; neither.... nor; everybody; everyone ইত্যাদি।

আমরা উপরের distributive pronoun গুলোর ব্যবহার জানার আগে তার সংজ্ঞা জানব এবং প্রতিটির ব্যবহারের সাথে তার সংজ্ঞার যথার্থ যাচাই করব।

Definition: The pronoun that separates one person or thing from a population of persons or things is called the distributive pronoun. (যে pronoun অনেকগুলো ব্যক্তি বা বস্তু থেকে একটি বস্তু বা ব্যক্তিকে আলাদা ক'রে বুঝায় তাকে distributive pronoun

বলে ।)

Each : Each মানে প্রত্যেক (প্রতি+এক). এটি প্রতি এক একজন ক'রে সবাইকে বুঝায়, কিন্তু এর বৈশিষ্ট্য হল এই যে এটি singular বস্তু বা ব্যক্তিকে বুঝায় । যেমন :

All of them went there. (তাদের সবাই সেখানে গিয়েছিল)

Each of them went there. (তাদের প্রত্যেকেই সেখানে গিয়েছিল)

লক্ষ্য কর, সবাই (All) আর প্রত্যেকে (Each) এক কথা নয়। Each বললে All কে বুঝাতে বাকি থাকে না, তবু মাত্র একজন একজন ক'রে বুঝায় । এবার নিচের উদাহরণগুলো লক্ষ্য কর :

Inc. Each of the students **have** applied for the football match.

Cor. Each of the students **has** applied for the football match.

Inc. Each of the men and women **are** bound (বাধ্য) to obey

(মান্য করা) the law.

Cor. Each of the men and women **is** bound to obey the law.

Either : এই pronounটি মাত্র দু'টি ব্যক্তি বা বস্তুর ক্ষেত্রে ব্যবহৃত হয়ে যে কোন একটি কে নির্দেশ করে। এর পর সব সময় singular verb ব্যবহৃত হয়। যেমন :

Inc. Either of the two boys **are** talent. (মেধাবী)

Cor. Either of the two boys **is** talent.

Inc. The two brothers went to the town; either of them **have** been to town before.

Cor. The two brothers went to the town; either of them **has** been to town before.

Inc. There are two pens; either **are** good. (দুইটি কলম আছে; যে কোন একটিই ভাল।)

Cor. There are two pens; either **is** good.

Neither : এটিও মাত্র দু'টি বস্তু বা দু'জন ব্যক্তির মধ্যে “কোনটিই নয়” এরূপ বুঝায়। এরপরও singular verb বসে। যেমন :

Inc. There are two pens; neither **are** good. (দুইটি কলম আছে; কোনটিই ভাল নয়।)

Cor. There are two pens; neither **is** good.

NOTE 1 : Each of + noun/pronoun (plural)—এভাবে ব্যবহৃত হলে Each কে বলে distributive pronoun, কিন্তু Each + singular noun—এভাবে ব্যবহৃত হলে each-কে বলে adjective. যেমন :

Each of them has said this. (pronoun)

Each boy has said this. (adjective)

কারণ, প্রথম বাক্যের each দ্বারা সরাসরি একজন ব্যক্তিকে নির্দেশ করা হচ্ছে, কিন্তু দ্বিতীয় বাক্যে each শব্দটি boy কে বিশেষিত করছে:-সরাসরি বালককে বুঝাচ্ছে boy শব্দটি, each

নয়।

এভাবে Neither+noun/pronoun + nor + noun/pronoun এবং

Either + noun/pronoun + or + noun/pronoun এভাবে ব্যবহৃত

হলে neither ও either কে বলে conjunction; অধিকন্তু,

neither/either+noun-শুধু এভাবে ব্যবহৃত হলেও এরা adjective

হয়।

কিন্তু neither/either+of+plural noun বা pronoun-এরূপে ব্যবহৃত

হলে তখন neither এবং either বলে distributive pronoun. আবার

শুধু either বা neither subject হিসেবে ব্যবহৃত হলেও তারা

pronoun এর কাজ করে। যেমন : Neither he nor his brother has

done it. (সে বা তার ভাই কেউই একাজ করেনি) (conjunction).

Either this pen or that pen was bought from England. (হয় এই

কলমটি না হয় ঐটি ইংল্যান্ড থেকে কেনা হয়েছিল)

(conjunction).

There are two pens here; either pen will do. (adjective)

There are two pens here; either is good. (pronoun)

There are two ways to do this; you can use either. (pronoun)

NOTE: 2. either এবং neither ব্যবহৃত হতে পারে যখন শুধু

দুইজন ব্যক্তি বা বস্তুর কথা থাকে। তার বেশি হলে anyone বা

none ব্যবহার করতে হয়। যেমন :

Inc. I have three dogs; neither of them is ferocious (হিংস্র).

Cor. I have three dogs; none of them is ferocious.

Inc. There are many people here; either of them can do it.

Cor. There are many people here; anyone of them can do it.

demonstrative pronoun

"ব্যক্তি বা বস্তুকে যদি এটি, ওটি, এগুলি, ওইগুলি ইত্যাদি শব্দ দ্বারা নির্দেশ করা হয় তাহলে এই শব্দগুলোকে বলে

demonstrative pronoun.

নিচের উদাহরণ গুলো পড়:

This is my home.

That is your suitcase.

These are bad pencils but those are good.

this, that, these, those-word গুলি home, suitcase, pencils-এর

পরিবর্তে বসে সেগুলোকে নির্দেশ করছে। এ গুলো হল

Demonstrative pronoun, তাহলে আমরা বলতে পারি—

Definition: Words such as this, that, these, those, such, so, the

same, used instead of some noun to point to it or them, are called demonstrative pronouns.

Use of this, these, that, those as Pronouns :

উপরের Pronoun গুলোর পরিচয় নিচের ছকের মাধ্যমে সহজেই বোঝা যাবে:

Singular	Plural
This (এইটি)	These (এইগুলো)
That (ঐটি)	Those (ঐগুলো)

অর্থাৎ, বোঝা গেল যে, মূল pronoun হল this ও that এবং বাকি দুটো এদের plural form.

(1) নিকটবর্তী কোন কিছুকে নির্দেশ করতে this (plural-these)

এবং দূরবর্তী কোন কিছুকে নির্দেশ করতে that (plural-those)

ব্যবহৃত হয়। যেমন :

This is my book and that is yours.

These are my books and those are yours.

NOTE : **This / that / these / those + noun** – এভাবে ব্যবহৃত

হলে তখন এদেরকে বলে demonstrative adjective (pronoun নয়)। যেমন :

This man is good. (Adj)

This is a good man. (Pron)

(2) পূর্ববর্তী clause বা sentence-এ দুইটি noun এর উল্লেখ থাকলে, এবং পরে তাদের প্রত্যেকটিকে নির্দেশ করতে হলে, প্রথমটির জন্য this এবং পরেরটির জন্য that ব্যবহৃত হয়। যেমন :

Men (১ম Noun) and **money** (২য় Noun) are both

needed; **this** (Men) gives us strength (শক্তি) and **that** (Money)

gives us wealth (সম্পদ).

(3) আগে কোন noun বা clause ব্যবহৃত হলে তাকে নির্দেশ করার

জন্য this বা that বসে :

He went to market on foot and **that** / **this** made him tired (ক্লান্ত).

এখানে that/this = তার বাজারে যাওয়া = his going to market.

This book is more costly than **that** (=that book).

(4) Emphasis বা জোর প্রদান করার জন্য this ও that ব্যবহৃত

হয়।

He went there on foot. (সে পায়ে হেঁটে সেখানে গিয়েছিল)

কিন্তু He went there **and that** on foot. (সে সেখানে গিয়েছিল

এবং রীতিমত পায়ে হেঁটেই)

They must repay the loan within two days. (তাদেরকে দুদিনের

মধ্যে ঋণ শোধ করতে হবে।)

কিন্তু They must repay the loan **and that** within two days.

(তাদেরকে দুদিনের মধ্যেই ঋণ শোধ করতে হবে।)

এবার কয়েকটি চমৎকার উদাহরণ:

I requested much but he would not help me. I addressed him as my brother **and then he helped me.**

(আমি অনেক অনুরোধ করলাম কিন্তু সে আমাকে সাহায্য করল না । আমি তাকে ভাই বলে ডাকলাম এবং তখন সে আমাকে সাহায্য করল।)

এখানে **and then he helped me** (এবং তখন সে আমাকে সাহায্য করল)—অংশটিকে জোর দিয়ে বাংলায় বলা যায় এবং শুধু তখনই সে আমাকে সাহায্য করল—এবং এই বাক্যটি আরও

শক্তিশালী হয়ে ওঠে। ইংরেজিতে বাক্যাংশটুকু হবে **and it was only then that** he helped me.

এভাবে,

Then I understood the problem. (তখন আমি সমস্যাটা বুঝেছিলাম)

বাক্যটিতে জোর আরোপ করে লেখা যায়— **It was only then that** I understood the problem. (একমাত্র তখনই আমি সমস্যাটা বুঝলাম।)

আবার, For this reason he could not pass. (এ কারণে সে পাশ করতে পারেনি।)

বাক্যটিকে জোর আরোপ করে লিখতে পারি - **It is for this reason that** he could not pass. (এই কারণেই সে পাশ করতে পারেনি।)

তাহলে **that** জোর আরোপ করার জন্য নিম্নরূপে ব্যবহৃত হতে

পারে

It is only then that + (একমাত্র তখনই)

এবং

It is for this reason that + ... এ কারণেই

(v) একটি noun-কে বারবার উল্লেখ না করার জন্য singular-এ

that এবং plural- এ those ব্যবহৃত হয়। যেমন :

The rice of Barishal is finer than **the rice** of Khulna. (বরিশালের

চাল খুলনার চালের চেয়ে সরু।)

বাক্যটিতে দ্বিতীয়বার the rice ব্যবহার না করে লেখা যেত:

The rice of Barishal is finer than **that** of Khulna. এভাবে,

The streets of Khulna are not wider than **the streets** of Dhaka.

না লিখে লেখা যেত :

The streets of Khulna are not wider than **those** of Dhaka.

এবং দ্বিতীয় ক্ষেত্রে বাক্যটি বেশি শ্রুতিমধুর ও শক্তিশালী হত ।

NOTE : নিচের বাক্যটি পড়

The climate (জলবায়ু) of Dhaka is better than Khulna.

বাক্যটি কিন্তু Incorrect, কারণ Khulna ও than-এর মাঝামাঝি the climate আরেকবার বসবে। কিন্তু আমরা তো আর the climate দ্বিতীয়বার লিখব না, আমরা তার পরিবর্তে লিখব that. এভাবে

Inc. The station of Kamalapur is not as big as Khulna.

Cor. The station of Kamalapur is not as big as **that of** Khulna.

Inc. The buildings of New York are bigger than Dhaka.

Cor. The buildings of New York are bigger than **those of** Dhaka.

Such-এর ব্যবহার :

Such (সেইরূপ, সেইভাবে) যখন demonstrative pronoun রূপে

কাজ করে তখন তা পূর্ববর্তী কোন nounকে নির্দেশ করে। এর
আগে তখন as বসে ।

He was a doctor and we believed him to be **as such**. (তিনি
একজন ডাক্তার এবং আমরা তাকে তাই ভেবেছিলাম।)

You are gentle persons and should act as such. (তোমরা ভদ্র
এবং সেভাবেই তোমাদের আচরণ করা উচিত।)

He laughed at the poet and such was his behaviour.

NOTE : such আবার adjective ও adverb রূপেও ব্যবহৃত হয়।

সুতরাং such কখন pronoun, কখন adjective, আর কখন

adverb—এটা স্পষ্ট ক'রে শেখা চাই। Adjective এবং adverb

হিসেবে such এর ব্যবহার আমরা পরে adjective এবং adverb

নিয়ে আলোচনা করার সময় শিখব ।

The same-এর ব্যবহার :

The same কখনও কখনও demonstrative pronoun রূপে ব্যবহৃত হতে পারে। তখন এর পরে as ব্যবহৃত হয়। The same as = ঠিক একই রকম।

They did **the same as** we (=we did). Ram will do **the same as** Sham (=as sham will do).

So-এর ব্যবহার :

So -demonstrative pronoun হিসেবে ব্যবহৃত হতে পারে। তখন এটি সচরাচর say , think, hope, desire, want, demand ইত্যাদি verb এর পরে বসে।

Babu : Will it rain?

Tara : I don't think so. (আমার তেমন মনে হয় না)

Shitu : I take exercise every morning.

Bithi : So do I. (আমিও তাই).

Karim: How do you know this?

Shuman : People say so (লোকে এরূপ বলে।)

Relative pronoun

নিচের বাক্য দু'টি পড়

I know the man. (আমি লোকটিকে চিনি)

He lost his bag. (তিনি তার ব্যাগ হারিয়েছিলেন)

বাক্য দু'টিকে যুক্ত করে বাংলায় লেখা যায়—আমি লোকটিকে

চিনি যিনি তার ব্যাগ হারিয়েছিলেন । ইংরেজীতে —

I know the man **who** lost his bag. এভাবে আরও দুটো বাক্য—

I have lost the book.

You gave me the book

যুক্ত করে পাওয়া যায়

I have lost the book **that** you gave me.

উপরের উদাহরণগুলোতে who এবং that ব্যবহার ক'রে দু'টো বাক্যকে যুক্ত করা হল। এরা হল relative pronoun. Relative pronoun—দু'টি বাক্যকে যুক্ত করেছে এবং একই সাথে পূর্ববর্তী বাক্যের noun কে নির্দেশ করেছে। যেমন দ্বিতীয় বাক্যের that নির্দেশ করেছে bookকে এবং একই সাথে বাক্য দু'টোকে যুক্ত করেছে। তাহলে এবার relative pronoun এর সংজ্ঞা দেয়া যাক :

Definition: The relative pronoun is that pronoun which refers to some noun or pronoun previously mentioned and at the same time joins two sentences. (যে pronoun পূর্বে উল্লেখিত কোন noun বা pronoun কে নির্দেশ পূর্বক দুটি বাক্যকে যুক্ত করে তাকে relative pronoun বলে।)

Who, which, that, what, but, as-এগুলো relative pronoun রূপে ব্যবহৃত হয়।

Who-এর ব্যবহার :

Who—শুধুমাত্র ব্যক্তিকে নির্দেশ করে; কোন বস্তুকে নয় ।

যেমন:

The boy who came yesterday is my brother. (এখানে who দ্বারা boy কে নির্দেশ করা হচ্ছে।)

This is a man. saw him yesterday. - বাক্য দুটিকে যুক্ত করলে
পাওয়া যায়

This is the man whom I saw yesterday.

এখানে যুক্ত বাক্যে এসে 'a' পরিণত হয়েছে the-তে। অধিকন্তু
who ব্যবহৃত না হয়ে whom ব্যবহৃত হয়েছে। কারণ, whom দ্বারা
যে manকে নির্দেশ করা হচ্ছে তা যুক্ত বাক্যটিতে object-এ
পরিণত হয়েছে।

Which-এর ব্যবহার :

ইতর প্রাণী, অচেতন বস্তু, ও শিশুকে নির্দেশ করতে which ব্যবহৃত হয়। যেমন:

শিশুর ক্ষেত্রে :

This is a baby. The baby cried for its mother.

বাক্যদুটিকে which দ্বারা যুক্ত করে পাই

This is the baby which cried for its mother.

অচেতন বস্তুর ক্ষেত্রে:

This is my table. I bought it last month. বাক্য দুটিকে যুক্ত করে পাই

This is my table which I bought last month.

ইতর প্রাণীর ক্ষেত্রে :

They have a cow. It gives a calf (বাছুর) every year.

বাক্য দুটির যুক্ত রূপ হবে

They have a cow which gives a calf every year.

That-এর ব্যবহার :

that ব্যক্তি ও বস্তু উভয়ের ক্ষেত্রে ব্যবহৃত হয়। এটি singular ও plural উভয় noun- এর পরিবর্তে বসে ।

ব্যক্তির ক্ষেত্রে:

This is a patient (রোগী).

He was taken to the hospital (তাকে হাসপাতালে নেয়া হয়েছিল।)

বাক্য দুটিকে যুক্ত করে পাওয়া যায় :

This is **the** patient **that** (who) was taken to the hospital.

বস্তুর ক্ষেত্রে :

This is a table. I bought it yesterday.

বাক্য দুটোকে যুক্ত করে পাই

This is **the** table **that** I bought yesterday.

Plural Number-এ:

These are books.

I borrowed (ধার নিয়েছিলাম) them from my friend, Lira.

বাক্য দুটিকে যুক্ত করে পাই

These are books **that** I borrowed from my friend Lira.

What-এর ব্যবহার :

What (=যা) শুধু বস্তুকে নির্দেশ করতে ব্যবহৃত হয়। নিচের

উদাহরণটি লক্ষ্য কর :

I understood. (আমি বুঝতে পেরেছিলাম)

He said something. (সে কিছু বলেছিল ।)

বাক্য দুটিকে এভাবে যুক্ত করা যায়

I understood **that which** he said. (সে যা বলেছিল আমি তা বুঝেছিলাম)

বাক্যদুটিকে that which = “যা . . . তা” দিয়ে যুক্ত করা হয়েছে।

দুইটি relative pronoun একসঙ্গে ব্যবহৃত হয়েছে। এদের বদলে

যদি একটিমাত্র relative pronoun ব্যবহার করা যায় তাহলে তাকে বলা যাবে **compound relative**. কারণ, দুইটি relative pronoun-এর মত তা কাজ করে। সেই relative pronoun টি হল **what**, অর্থাৎ উপরের যুক্ত বাক্যটি এভাবে লেখা যেত; I understood **what** he said. তাহলে what = that which.

What এর কোন antecedent থাকে না। কিন্তু কিভাবে? আমরা তা দেখব :

He made **it** . I bought it.

বাক্য দুটোকে যুক্ত করে পাই

I bought **what** he made.

কিন্তু I bought **it** what he made হবে না। অর্থাৎ what যাকে

নির্দেশ করছে তা what এর আগে বসবে না। এই it হল antecedent

বা পূর্বগামী। what-এর এজন্য কোন antecedent নেই। এভাবে

Listen to **that** he says. না বলে বলতে হবে Listen to **what** he

says. অর্থাৎ what যাকে নির্দেশ করল (that) সেই antecedent আর ব্যবহৃত হল না।

But-এর ব্যবহার :

But-কে আমরা সচরাচর conjunction হিসেবে ব্যবহার করি।

কিন্তু এটি কখনও কখনও relative pronoun হিসেবে ব্যবহৃত হয়ে থাকে। নিচের বাক্যটি পড়:

There is no mother **who does not** love her child. (এমন কোন মা নেই যে তার সন্তানকে ভালবাসে না)

এখানে who does not= but বসালেও বাক্যটির অর্থ একই থাকে।

তখন শুধু “love verb এর সাথে প্রয়োজনবোধে s/es যোগ করার

প্রশ্ন থাকে। তাহলে বাক্যটিকে লেখা যায়—

There is no mother but loves her child. এভাবে

There is no man but wishes to be happy. (এমন কোন মানুষ নেই

যে সুখী হতে চায় না।)

But—এখানে কেন pronoun তা who এর দিকে তাকালেই বোঝা যায়। who একটি relative pronoun.

But তার পরিবর্তে বসেছে। সুতরাং but-ও এক্ষেত্রে একটি relative pronoun.

As-এর ব্যবহার :

Relative Pronoun হিসাবে as নিম্নবর্ণিত কায়দায় ব্যবহৃত হয়।

such+ noun+as

the same+noun+as

as+adjective+as - হ্যাঁ-বোধক অর্থে ।

so+adjective + as - না-বোধক অর্থে ।

He needs **such** a boy **as** (who নয়) will be honest. (তাঁর এমন

একজন বালক দরকার সে হবে সৎ।)

We need **such** people **as** will vote for us.

This book is the **same as** that. (এই বইটি আর ঐ বইটি এক।)

He is **as** tall **as** I. (সে আমার মত লম্বা।)

She is not **so** beautiful **as** her sister. (সে তার বোনের মত সুন্দরী নয়।)

Who এবং Which এর ব্যবহার :

Restrictive Use (সীমাবদ্ধ ব্যবহার):

The man is good.

এখানে লোকটিকে ভাল বলা হচ্ছে। man বা লোকটি এখানে

নির্দিষ্ট কিন্তু এমন কোন word ব্যবহার করা হয়নি যা দ্বারা

manকে আরও বিশেষভাবে (specifically) এবং সংকুচিত করে

নির্দেশ করা যাবে। এবার নিচের বাক্যটি পড়

The **man who** came here is good.

এখানে এখন আর যে-কোন manকে good বলা যাচ্ছে না;

শুধুমাত্র যে-লোকটি এখানে এসেছিল (came here) তাকেই বুঝতে

হচ্ছে। অর্থাৎ who—শব্দটি এখন অন্যান্য কতকগুলো কথা

টেনে এনে (came here) man এর সীমাকে সংকুচিত করে

দিয়েছে। এভাবে who ব্যবহৃত হলে তাকে বলে who এর

restrictive use. এভাবে

The pen **which** I bought is missing (হারিয়ে গেছে)

বাক্যটিতে which এর restrictive ব্যবহার লক্ষ্যণীয়।

এই Restrictive "who বা "which দ্বারা কোন clause শুরু হলে তা

হয় " adjective clause. উপরের who came here এবং which I

bought—clause দুটো adjective clause.

Continuative Use.

I went to Rahim. Rahim told me a story. The story was fine.

উপরের তিনটি বাক্যই স্বাধীন। এদেরকে and দিয়ে যুক্ত করে
নিচের কায়দায় লিখতে পারি;

I went to Rahim and he told me a story and it was fine. কিন্তু
এভাবে যুক্ত না করে বাক্য তিনটিকে who ও which দিয়ে যুক্ত
করা যেত।

যেমন :

I went to Rahim who (=and he) told me a story which (and it)
was fine.

এখন কিন্তু who এবং "which" noun-এর অর্থকে সংকুচিত করার
জন্য ব্যবহৃত হয়নি, বাক্যকে লম্বা করার জন্যে ব্যবহৃত হয়েছে।
অর্থাৎ বাক্যে continuity বা ধারাবাহিকতা রক্ষার জন্য ব্যবহৃত
হয়েছে। who, which-এর এই ধরনের ব্যবহারকে বলে

continuative use.

এই ধরনের who বা which দিয়ে যে clause শুরু হয় তাকে বলে coordinate (principal) clause এবং বাক্যটি হয় compound sentence.

Adverbial use.

The thief was punished. (চোরকে শাস্তি দেয়া হল।)

He stole the money. (সে টাকা চুরি করেছিল।)

বাক্য দুটোর মধ্যে ২য় টি হল কারণ (cause) আর প্রথমটি হল ফলাফল। সুতরাং এদেরকে নিচের কায়দায় যুক্ত করা যেতে পারে

The thief was punished **because** (কারণ) he stole the money.

আরেকটু পরিবর্তিত করে

The thief **because** he stole the money was punished.

এখন because he=who বসালে পাওয়া যায়

The thief **who** stole the money was punished. তাহলে who দ্বারা

এখানে কারণ (cause) বুঝাচ্ছে। এভাবে

The book **which** (=because it) was old was sold out. আবার

নিচের বাক্যগুলো পড়

I will appoint (নিযুক্ত করা) a man. He will do the work. বাক্য

দুটির মধ্যে প্রথমটি হল উপায়, দ্বিতীয়টি হল উদ্দেশ্য (purpose).

কাজটি করার উদ্দেশ্যেই আমি একজন লোক নিযুক্ত করব।

এবার তাহলে বাক্য দুটিকে যুক্ত করা যাক : I will appoint a

man **for the purpose that** (এই উদ্দেশ্যে যে) he will do the

work. কিন্তু for the purpose that he = who বসিয়ে বাক্যটি হবে—

I will appoint a man **who** will do the work. (আমি একটি

লোককে নিযুক্ত করব যে কাজটি করবে।) তাহলে এই who দ্বারা

purpose বা উদ্দেশ্য বুঝাচ্ছে। এভাবে— I have bought a pen **which** I will use for the exam. বাক্যটি থেকে বুঝা যাচ্ছে কলমটি কেনার উদ্দেশ্য (purpose) হল পরীক্ষার সময় ব্যবহার করা। তাহলে উপরের who এবং 'which দিয়ে purpose বা উদ্দেশ্য বুঝাচ্ছে। who এবং which উপরের উদাহরণের মত cause (কারণ) বা purpose (উদ্দেশ্য) বুঝাতে ব্যবহৃত হলে তাদের adverbial use হয়। এরূপ who বা which যে clause-এর প্রথমে থাকে তাকে বলে adverbial clause. উপরের বাক্যগুলোতে adverbial clause খুঁজে বের কর।

That-এর ব্যবহার :

that শুধু restrictive sense-এ ব্যবহৃত হয়।

(1) Superlative degree- এর সাথে

....adj. (sup) + noun + that + s + ever + v....

যেমন : He is the most intelligent boy **that** I have ever seen.

(আমি যত দেখেছি তার মধ্যে সেই সবচেয়ে বুদ্ধিমান ছেলে ।)

It was the biggest bird **that** was ever caught. (যত পাখি ধরা

হয়েছে তার মধ্যে এটিই ছিল বৃহত্তম ।)

(2)

a.**the same + noun + that** +.....

b.**the only + noun+that**+.....

C.**any + noun + that**.....

d.**all + noun + that** +.....

e.**the one + noun + that** +.....

a. This is the same house **that** my father sold last year. (এটি

সেই বাড়িটি যা আমার বাবা গত বছর বিক্রি করেছিলেন।)

- b. He is the only teacher **that** can teach us English. (তিনি একমাত্র শিক্ষক যিনি আমাদের ইংরেজি শেখাতে পারেন।)
- c. I will give it to any boy **that** can sing well. (যে কোন বালক, যে ভাল গান গাইতে পারে, তাকে আমি এটি দিব।)
- d. He did not get all the money **that** he needed. (তার যত টাকার প্রয়োজন ছিল তার সব সে পায়নি।)
- e. The one book **that** can be used, for this topic is this one. (এই topic-এর জন্য একমাত্র যে বইটি ব্যবহার করা যাবে তা হল এই বইটি।)

(3) **Who, what, which- এসব interrogative pronoun এর**

পরে: অর্থাৎ

- a. who.....that...
- b. which....that...

C. what.....that...

a. Who is the man **that** says so?

b. Which is the pen **that** you like most?

c. What is it **that** you conceal (গোপন করা) from me?

(4)

All-----that

everything-----that

any-----that

none-----that

no-----that

nothing-----that

nobody-----that much-----that

little-----that

All **that** glitters is not gold (চক্ চক্ করলে সোনা হয় না।)

There is no possibility **that** the patient will come round (রোগীটির সেরে ওঠার কোন সম্ভাবনা নেই।) ইত্যাদি।

As এবং So এর ব্যবহার :

(1)

a. **such+noun+as+...**

b.**the same + noun + as/that**

উপরের Pattern-এ ব্যবহৃত হলে **as**কে বলে relative pronoun.

a. I want such boys **as** are honest.

b. This is the same book **as** that.

c. This is the same book **that/as** you gave me.

(c) তে **that** বসেছে কারণ এর পরবর্তী verb টি স্পষ্টভাবে

উল্লেখিত হয়েছে ।

Inc. He wants such a wife **who** will love him.

cor. He wants such a wife **as** will love him.

Inc. This is the same pencil **like** that.

cor. This is the same pencil **as** that.

(2)

a. **...as+Adj+as+Noun/Pronoun/Noun phrase**

b. **...so+Adj+as+Noun/Pronoun/Noun phrase.**

a. He is **as** strong **as** his brother.

b. You are not **so** friendly **as** your sister.

(3)

Karim: Do you think that he will pass!

Rahim: Yes, I think **so**.

এখানে so=that he will pass. অর্থাৎ think-verbটির পরবর্তী পুরো

clause টির জন্য so ব্যবহৃত হয়েছে। একপে hope, desire,

suppose, expect, believe ইত্যাদি verb এর পরবর্তী পুরো clause

এর জন্য so ব্যবহৃত হয়। যেমন :

Shampa: Do you believe that she is a thief.

Rumpa : No, I don't believe so.

এখানে, so = that she is a thief.

Mitul : Do you hope that she will be successful in life?

Titul : Yes, I hope so.

এখানে, so = that she will be successful in life.

Reciprocal pronoun

Reciprocal শব্দটি মানে হল ‘পরস্পর প্রতিক্রিয়াশীল’। নিচের

চিত্রটি দেখ:

$A \rightarrow B$ অর্থাৎ A ঘুষি মারল B কে। এটা কিন্তু reciprocal হল না।

কারণ শুধু একজনই ঘুষিটি মারল। কিন্তু

$A \rightarrow B$

$A \leftarrow B$

এবার চিত্রটি একটি প্রতিক্রিয়াশীল (reciprocal) ঘটনাকে দেখাল

। A শুধু B কে মারছে না, B-ও A-কে মারছে।

মনে কর ৫ জন লোক আছে। তাদের প্রত্যেককে বুঝাতে গেলে

আমরা each বা every ব্যবহার করি। যেমন :

Each boy said this (প্রতিটা বালকই একথা বলল ।)

কিন্তু যদি ঐ পাঁচ জনের মধ্যে “প্রত্যেকে প্রত্যেকের কাছে

বলল” এরূপ বুঝাই তাহলে each other, one another ব্যবহার

করতে হয়। তখন যে ঘটনাটি ঘটে তা চিত্রের মাধ্যমে নিম্নরূপে

দেখান যায় :

এখানে পাঁচ জন ব্যক্তি। অর্থাৎ দুই-এর অধিক। এদের প্রত্যেকেই

প্রত্যেকের সাথে কথা বলছে। এক্ষেত্রে মোট সংখ্যা দুই এর

অধিক হলে one another ব্যবহৃত হবে।

The five friends talked with one another (পাঁচ বন্ধুর প্রত্যেকেই

প্রত্যেকের সাথে কথা বলল ।)

আবার লোক যদি মাত্র দুই জন হয়, তাহলে ক্রিয়া প্রতিক্রিয়াটা

হবে নিম্নরূপ :

তারা দু'জন একে অপরকে ভালবাসে— They two love each other.

এই one another এবং each other—কে বলে reciprocal pronoun.

Inc. The ten students love each other.

Cor. The ten students love one another.

Inc. The two sisters help one another.

Cor. The two sisters help each other.

NOTE : আধুনিক ইংরেজীতে উপরের নিয়ম দু'টি কঠোরভাবে পালন করা হয় না । তবুও শেখার পর্যায়ে আমরা ভালভাবেই শিখব।

Reflexive and emphatic pronoun

Reflexive Pronoun

নিচের বাক্যগুলো পড়

She killed herself. (সে আত্মহত্যা করেছিল।)

You fan yourself. (তুমি নিজেকে বাতাস করছ।)

He hurt himself. (সে নিজেকে আঘাত করল।)

God helps them who help themselves. (প্রভু তাদের সাহায্য করেন যারা নিজেদেরকে সাহায্য করে।)

উপরের প্রথম বাক্যের subject হল she এবং objectটি herself.

মনে হয় যেন object টি (herself) subject (she)-এর একটি আয়না;

object-এর মধ্যে subject এরই অর্থ প্রতিভাত হচ্ছে। পরবর্তী

বাক্যগুলোতে yourself, himself, themselves—এগুলো হল

object. বাক্যগুলোর অর্থ থেকে দেখা যায় যে, প্রতি ক্ষেত্রেই object তার subject এরই অর্থ প্রতিফলিত করছে। এরূপ objects কে বলে reflexive object.

Definition: A reflexive pronoun is one used in the objective case in which the meaning of the subject is reflected, indicating that the action of the sentence turns back to the subject.

(Reflexive pronoun হল objective case এ ব্যবহৃত সেই pronoun যার মধ্যে subject এর অর্থ প্রতিফলিত এবং যা বাক্যে subject কোন কাজ করলে তা subject এর দিকেই ফিরে যায় এটা প্রকাশ করে।)

এখানে "subject এর অর্থের প্রতিফলন" ছাড়াও "subject এর দিকে “action—এর ফিরে যাওয়া”টা গুরুত্বপূর্ণ। উপরের প্রতিটি

উদাহরণেই, লক্ষ্য কর, subject একটি কাজ করছে এবং পরে দেখা যাচ্ছে যে সে কাজটি ঠিক নিজেকে নিয়েই করছে, অর্থাৎ কাজটি নিজের দিকে ফিরে যাচ্ছে ।

Reflexive Pronoun এর গঠন :

Person	Personal Pronoun	Reflexive Pronoun	Reflexive Pronoun
		(singular)	(plural)
First	I , we	myself	ourselves
	thou (তুই) you (তুমি)	thymself	
Second	you (তোমরা)	yourself	yourselves

	he		
	she	himself	
	they	herself	
Third	it	itself	themselves

Indefinite pronoun-one এর সাথে self যোগ করে reflexive pronoun- oneself গঠন করা হয়।

Emphatic Pronoun

নিচের বাক্যগুলো পড়

He did it (সে ইহা করেছিল।)

He **himself** did it.' (সে নিজেই কাজটি করেছিল।)

প্রথম বাক্য আর দ্বিতীয় বাক্যটির অর্থ একই, শুধু দ্বিতীয়

বাক্যটিতে subject (He) এর উপর একটু বেশি জোর দেওয়া

হচ্ছে। এই জোর দেওয়ার কাজটি করছে himself. তাই বলে এটা

কিন্তু reflexive pronoun নয়। কারণ, reflexive pronoun সব সময় object রূপে ব্যবহৃত হয়। এখানে himself এর পূর্ববর্তী pronoun (noun ও হতে পারে)-কে নির্দেশ করে তার উপর জোর দিচ্ছে। একে বলে emphatic pronoun (বা জোর আরোপকারী সর্বনাম)। তাহলে বলা যায়—

Definition: The pronoun that is used after a noun or pronoun to add an emphasis on it is called the emphatic pronoun. (Noun বা pronoun এর পরে বসে যে pronoun তার উপর জোর আরোপ করে তাকে emphatic pronoun বলে।)

NOTE.

(a) emphatic pronoun যে noun-এর উপর জোর দিতে হবে তার ঠিক পরে বসে।

I met the president. (আমি প্রেসিডেন্টের সাথে সাক্ষাৎ করেছিলাম।)

I met the president **himself** . (আমি স্বয়ং প্রেসিডেন্টের সাথে সাক্ষাৎ করেছিলাম।)

দ্বিতীয় বাক্যটিতে president শব্দটির উপর জোর দেওয়ার জন্য তার ঠিক পরেই himself ব্যবহৃত হয়েছে।

(b) Reflexive pronoun এবং emphatic pronoun-এর গঠন এবং রূপ একই, শুধু এদের ব্যবহার ভিন্ন ভিন্ন। Reflexive pronoun বাক্যে object হিসেবে ব্যবহৃত হয় এবং emphatic pronoun ব্যবহার হয় noun/pronoun এর উপর জোর আরোপ করার জন্য।

(c) কখনও কখনও emphatic pronoun যে word এর উপর জোর দিতে হবে ঠিক

তার পরে বসে না, ব্যবধানে বসে। এরূপ ক্ষেত্রে এর আগে preposition ব্যবহৃত হয়।

(You) Take care of **yourself**.

I went to see it for **myself** . (আমি তা নিজের চোখে দেখতে

গিয়েছিলাম।)

She wanted a pen for **herself** .

(d) Ownself বা ownselves ব্যবহার ক'রে কখনও কখনও জোর প্রকাশ করা হয়। সকল gender-এ-ই এ দু'টো pronoun ব্যবহার করা যেতে পারে ।

Singular-এ ownself এবং plural-এ ownselves ব্যবহৃত হয়।

I bought it for **my ownself**. (এটা আমি আমার নিজের জন্য কিনেছিলাম।)

People should not always think of **their ownselves**.

লক্ষ্য কর : Possessive case+ownself/ownselfs—এভাবেই ব্যবহৃত হয়।

Indefinite pronoun

Indefinite মানে অনির্দিষ্ট । এবার নিচের বাক্যগুলো পড়

He says that Mr. Brown is a scientist (বিজ্ঞানী).

এখানে He says—অর্থাৎ সে বলে। সে দ্বারা একজন ব্যক্তিকে
নির্দিষ্ট করে বুঝাচ্ছে। এমনকি সে পুরুষ না স্ত্রী তা-ও বুঝাচ্ছে।
কিন্তু নিচের বাক্যটি পড়

Some say that Mr. Brown is a scientist.

এখানে Some say—কেউ কেউ বলে । কে কে বলে? তেমন কিছু
নির্দিষ্ট ক'রে বলা হয় নি । Some—এখানে নির্দিষ্ট ক'রে কিছু
বুঝাচ্ছে না । এভাবে

Many saw the accident. (অনেকেই দুর্ঘটনাটি দেখেছিল।)

Any of them will go. (তাদের যে কোন একজন যাবে।)

They say that God exists. (লোকে বলে ঈশ্বর আছেন ।)

None can do this. (কেউই একাজ করতে পারে না)

বাক্যগুলোকে many, any, they, none — pronoun গুলো নির্দিষ্ট
কোন ব্যক্তি/বস্তুকে বুঝাচ্ছে না। এ গুলো indefinite pronoun.

এছাড়া one, other, another, several, few, all প্রভৃতি indefinite

pronoun হিসেবে ব্যবহৃত হয়।

(a) **Any** : Interrogative sentence-এ :

Did **Any** of them go? (তাদের কেউ কি গিয়েছিল?)

বাক্যটিতে “any ” indefinite pronoun রূপে ব্যবহৃত হয়েছে।

Negative Sentence-এ :

Kamal : Do you have a pen?

Karim : No, I haven't any. (আমার একটিও নেই)

NOTE: any+noun —এভাবে ব্যবহৃত হলে তা হবে adjective,

যেমন : **Any** man can do it. কিন্তু any+of+noun(plural) – এভাবে
ব্যবহৃত হলে তা হবে

indefinite pronoun. আবার subject বা object হিসেবে শুধু any

ব্যবহৃত হলে তা হবে indefinite pronoun. যেমন :

A: Have you solved the problems? (তুমি কি সমস্যাগুলোর
সমাধান করেছ?)

B : No, I have not solved **any** . (আমি একটাও সমাধান করিনি।)

দ্বিতীয় বাক্যে "any" object রূপে ব্যবহৃত হয়েছে।

"Any"-singular ও plural উভয় number-এ ব্যবহৃত হতে পারে।

(b) **Some** : শুধুমাত্র plural-এ ব্যবহৃত হয়। (singular-এ শুধু adjective হিসেবে ব্যবহৃত হয়।)

ব্যক্তির পরিবর্তে: There are many students here; **some** are from class nine and the rest of them (বাকি) are from class ten.

There are many tables here; **some** are new and **some** are old.

বস্তুর পরিবর্তে :

NOTE. [Some+noun —এভাবে ব্যবহৃত হলে some—তখন adjective হয়।

যেমন : some people (Noun) are dishonest (অসৎ). কিন্তু

some+verb — কিংবা object হিসেবে some ব্যবহৃত হলে তখন তা

হয় indefinite pronoun. **যেমন :** Many people live in the

village; **some** are happy, **some** unhappy. এখানে some+ verb

(are) —এভাবে ব্যবহৃত হয়েছে। আবার,

Belal : Will you buy books today?

Helal : Oh yes, I will buy **some** .

এখানে "buy"-verb এর object হিসেবে some ব্যবহৃত হয়েছে।

(c) **One** :

(1) এর Nominative এবং objective case — এর রূপ হল one এবং possessive case এর রূপ হল one's.

যখন সাধারণভাবে কোনকিছু বলা হয়, কাউকে নির্দিষ্ট করে কিছু বলা হয় না তখন এই one ব্যবহৃত হয়। যেমন :

You should respect your mother, (তোমার উচিত তোমার মাকে শ্রদ্ধা করা।)

বাক্যটিতে শুধু You এর কি উচিত তাই বলা হচ্ছে।

কিন্তু **One** should respect **one's** mother. (মাকে শ্রদ্ধা করা

উচিত।)

বলতে সাধারণভাবে সব সন্তানদের নিজনিজ মাকে শ্রদ্ধা করার
কথা বলা হচ্ছে ।

এভাবে : One should not lose heart in danger.

(বিপদের সময় ভীত হওয়া উচিত নয় ।)

কিন্তু কার উচিত নয়—তা বলা হচ্ছে না । তাই সাধারণ ভাবে
সবাইকেই বুঝাচ্ছে ।

Inc. One does not know when **he** will die. (কেউ জানে না কখন
সে মরবে।)

Cor. One does not know when **one** will die.

Inc. One should do **her** duty.

Cor. One should do **one's** duty.

এখানে possessive case ব'লে one's হল।

Inc. One should not waste away **his** time.

Cor. One should not waste away **one's** time.

Note : one এর পরে American English-এ his-ও ব্যবহৃত হয়।

(2) Indefinite Numerical Pronoun হিসাবে one এর ব্যবহার :

পূর্ববর্তী কোন noun এর পুনরাবৃত্তি এড়াবার জন্য singular noun-

এর ক্ষেত্রে one এবং plural noun-এর ক্ষেত্রে ones ব্যবহৃত হয় ।

যেমন: Those mangoes are green (কাঁচা); these **mangoes** are ripe (পাকা).

ব্যাক্যটিতে শেষোক্ত mangoes না ব্যবহার করতে চাইলে তার

পরিবর্তে **ones** (যেহেতু plural) ব্যবহার করতে হয় । যেমন :

Those mangoes are green; these are the ripe **ones** . এভাবে,

This pencil is not good; I want a good **pencil**.

ব্যাক্যটিতে শেষোক্ত pencil-এর পরিবর্তে one (যেহেতু singular)

ব্যবহার করা যায়—

This pencil is not good; I want a good **one**.

(3) **No/every/each+one-** এরূপে ব্যবহৃত হলে, অর্থাৎ one এর আগে বসে কোন word একে qualify করলে এর পর one's ব্যবহৃত না হয়ে his, her, him, he ইত্যাদি ব্যবহৃত হয়। যেমন :

Inc. No one should kill away **one's** time.

Cor. No one should kill away **his/her** time.

Inc. There are sixty boys in the class; **each** one has (have) done **one's** homework.

Cor. There are sixty boys in the class, each one has done **his** homework.

(4) **One of + plural noun-** এরূপ থাকলে possessive case-এ one's হয় না,

his, her হয়।

Inc. One of the boys has done one's homework.

Cor. One of the boys has done his homework.

NOTE. One of এর পর plural noun কিন্তু singular verb বসে।

অর্থাৎ One of+pl.noun+sing. verb

Inc. One of the five men **have** said this.

Cor. One of the five men **has** said this.

Inc. One of the girls **work** in the factory.

Cor. One of the girls **works** in the factory.

Inc. She is one of my **sister**.

Cor. She is one of my **sisters** .

(সে আমার বোনদের মধ্যে একজন)

Inc. One of my **friend** said this.

Cor. One of my **friends** said this.

NOTE : No 'one =None. এটি singular ও plural উভয় ক্ষেত্রে

ব্যবহৃত হয়। এবং এটি countable ও uncountable উভয় noun এর

ক্ষেত্রে ব্যবহৃত হয়।

যেমন: They are five friends there, but **none** can play well,

(countable noun, singular number.)

None but the honest(= all the honest persons) deserve (যোগ্য

হওয়া) the prize. (countable noun, plural number.)

Can you give me some water? Oh, sorry, I have **none** .

(uncountable noun, singular number)